দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 08 MAR 2016 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৫ ......

# নির্মাণের পর থেকে তালাবদ্ধ চন্দনাইশ পাবলিক লাইব্রেরি

■ চন্দনাইশ (চট্টগ্রাম) সংবাদদাতা

সুশিক্ষিত জাতি গঠনে সরকার প্রতিটি উপজেলায় একটি করে পাবলিক লাইব্রেরি নির্মাণ করেছে। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, চন্দনাইশ উপজেলায় নির্মিত পাবলিক লাইব্রেরিটি নির্মাণকাল থেকে তালাবদ্ধ রয়েছে। এখানে নেই কোনো পাঠকদের পদচারণা, নেই কোনো গুণিজনের আগমন।

ময়লা-আবর্জনা ও মাকড়শার জালে ভরে গেছে সব কয়টি দেয়াল। পাবলিক লাইব্রেরির এ করুণ দশা যেন দেখার কেউ নেই। উদ্বোধনের পর হতেই ঝুলছে মূল ফটকে তালা। কেউ জানে না ভিতরের অবস্থা। ২০১১-১২ অর্থ বছরে চট্টগ্রাম জেলা পরিষদ বাস্তবায়নে ১৫ লাখ টাকা ব্যয়ে সংশ্লিষ্ট ঠিকাদার আবদুল হাকিম পাবলিক লাইব্রেরিটির নির্মাণ কাজ শেষ করে উদ্বোধনও করা হয়। নামে মাত্র উদ্বোধন, ৩টি বছর পার হলেও এলাকার শিক্ষিত যুব সমাজের জন্য খুলে দেয়া হয়নি। এছাড়াও তদারকি না থাকায় লাইব্রেরির মূল ফটকে বসে চায়ের দোকান করছে এক দোকানি।